



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন ; ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স ; ০৮১-৭৬৪৩৮,

ওয়েব সাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৬/২৪৬ (৫৯)

তারিখ : ২০-০৯-২০১৬ খ্রি:

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা।

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা  
জেএসসি পরীক্ষা কেন্দ্র - ২০১৬ এবং  
কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার।

বিষয় : জেএসসি পরীক্ষা ২০১৬ এর কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা আগামী ০১ নভেম্বর ২০১৬ হতে শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার নিমিত্তে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রতিটি কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠন করা আবশ্যিক। অতএব তাঁর আওতাধীন জেলা সদর/উপজেলার ২০১৬ সালের সকল জেএসসি পরীক্ষা কেন্দ্রের জন্য আলাদা আলাদাভাবে একটি কেন্দ্র কমিটি গঠন করে তা অনুমোদনের লক্ষ্যে আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

## কেন্দ্র কমিটি গঠনের নিয়মাবলী :

ক. **ভারপ্রাপ্ত কর্মকর্তা :** জেলা সদরের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা সদর ও উপজেলার আওতাধীন কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা ১ম শ্রেণির একজন কর্মকর্তা;

## খ. সদস্যবৃন্দ :

১. জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার;
২. কেন্দ্রের আওতাধীন বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক। প্রয়োজনবোধে স্থানীয় কলেজের অধ্যক্ষকে সদস্য করা যেতে পারে;
৩. কেন্দ্র কমিটির সদস্যগণ কেন্দ্র পরিচালনার জন্য একজন কেন্দ্র সচিব নির্বাচন করবেন।

## গ. কেন্দ্র সচিব:

জেলা সদর কেন্দ্রের সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। জেলা সদর ব্যতিত অন্যান্য পরীক্ষা কেন্দ্রে যেখানে সরকারি স্কুল আছে, সেখানে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। যেখানে সরকারি স্কুল নেই সেখানে কেন্দ্রস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হবেন। প্রয়োজনবোধে জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/প্রথম শ্রেণির যে কোন সরকারি কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব বা কেন্দ্র পরিচালনা কমিটির সদস্য থাকতে পারবেন না। বিধি মোতাবেক চাকুরীর মেয়াদ শেষ অথবা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক কেন্দ্র সচিব বা কেন্দ্র কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

বিঃদ্র: কেন্দ্র ফি বাবদ বোর্ড নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। উক্ত অর্থ থেকেই কেন্দ্রের সকল ব্যয়ভার নির্বাহ করতে হবে।

(কায়সার আহমেদ) ২০.৯.১৬  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৬/২৪৬ (৫৯)/২

তারিখ : ২০-০৯-২০১৬ খ্রি:

অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১. কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন ২০১৬ সালের জেএসসি পরীক্ষা কেন্দ্রসমূহের সকল ভেন্যু বিদ্যালয়ের প্রধান।
২. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬৪৬১